*Activity ID: 1903003021*

*BA-VI/Bengali-AHBNG-603-DSE-3TH/60116- (MADHYAYOUGER BANGLA SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject:** বাংলা

**Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য**

**Course Code: AHBNG-60*3*-DSE-*3***

**Course ID: 60116**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ × ২ = ৪

ক) মালাধর বসু তাঁর কাব্যের জন্য কার কাছ থেকে কী উপাধি পেয়েছিলেন?

খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে উল্লিখিত কবির রচনাকালজ্ঞাপক শ্লোকটি লেখো।

গ) ধর্মমঙ্গল কাব্যে বীরাঙ্গনা নারী চরিত্র কাদের বলা হয়?

ঘ) ধর্মমঙ্গল কোন শতাব্দীর কাব্য? ঘনরামের 'ধর্ম্মমঙ্গল' কাব্যের প্রকৃত নাম কী?

ঙ) চণ্ডীদাসের কোন কোন কবি-বৈশিষ্ট্য জ্ঞানদাসে লক্ষ করা যায়?

চ) "রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল" –এর পরের দু'টি চরণ লেখো।

ছ) "ইথে যদি সুন্দরি তেজবি গেহ।

প্রেমক লাগি উপেখবি দেহ।।" -কোন কবির লেখা কোন পর্যায়ের পদ?

জ) "ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি

অবনী বহিয়া যায়।" –শীর্ষক পদটির ভণিতাংশটি তুলে ধরো।

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ৬ × ১ = ৬

ক) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে বর্ণিত “নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ।” বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য অবলম্বনে কৃষ্ণ চরিত্র বিশ্লেষণ করো।

গ) ঘনরামের কাব্যের রঞ্জাবতী চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

ঘ) ধর্মমঙ্গল কাব্যের ‘হরিশ্চন্দ্র পালা’র প্রাসঙ্গিকতা লেখো।

ঙ) “রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর” পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

চ) “সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু

আনলে পুড়িয়া গেল।” পদটির আলঙ্কারিক তাৎপর্য ব্যাখ্যা করো।

ছ) “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে”

পদটির পর্যায় উল্লেখ করে শ্রীচৈতন্যদেবের স্বরূপ ব্যাখ্যা করো।

জ) গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ-বিষয়ক পদের পার্থক্য লেখো।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১০ × ১ = ১০

ক) মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য অবলম্বনে তৎকালীন সমাজচিত্রের পরিচয় দাও।

খ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য রচনায় মালাধর বসুর কবিত্বশক্তির কতখানি প্রকাশ ঘটেছে-- আলোচনা করো

গ) ঘনরাম চক্রবর্তীর ‘ধর্ম্মমঙ্গল’ কাব্যের নায়ক লাউসেন চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) ঘনরাম চক্রবর্তীর ‘ধর্ম্মমঙ্গল’ কাব্য কতখানি মহাকাব্যিকলক্ষণাক্রান্ত-- আলোচনা করো।

ঙ) রূপানুরাগের পদ রচনায় জ্ঞানদাসের কবিকৃতিত্ব আলোচনা করো।

চ) জ্ঞানদাসের কবিতা আসলে রোমান্টিক গীতিকবিতা—তোমার পাঠ্য পদ অবলম্বনে বিচার করো।

ছ) “গোবিন্দদাস আগে ভক্ত পরে কবি।”- তোমার পাঠ্য পদ অবলম্বনে বুঝিয়ে দাও।

জ) অভিসারের পদ রচনায় গোবিন্দদাসকে কেন শ্রেষ্ঠ মনে করা হয়-- আলোচনা করো।

*Activity ID: 1903004021*

*BA-VI/Bengali-AHBNG-603-DSE-3TH/60116-(RABINDRA SAHITYA)/20*

**BA 6th Semester Examination, October 2020**

**Subject:** বাংলা

**Course Title: রবীন্দ্রসাহিত্য**

**Course code: AHBNG-*60* 3-*DSE*-3**

**Course ID: 60116**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ × ২ = ৪

ক) 'প্রান্তিক' কাব্যটি রবীন্দ্রনাথের জীবনের কোন পর্যায়ের রচনা? এর প্রকাশ কাল উল্লেখ করো।

খ) "নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস।" কবিতাটি কোন পরিপ্রেক্ষিতে এবং কোথায় লেখা?

গ) শোভনলাল ও লাবণ্যর বিয়ে কোন মাসে কোন জায়গায় হবে বলে ঠিক হয়?

ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে যে পাহাড়ের বর্ণনা আছে তার নাম কী? লিসি ও সিসি কে?

ঙ) "প্রাণ যদি দিতেই হয় তো সাবধানে দেবেন।" কে কাকে এ কথা বলেছে?

চ) অভীকের আসল নাম কী ছিল? কেন সে নাম পরিবর্তন করেছিল?

ছ) 'ডাকঘর' নাটকটি কে অনুবাদ করেছিলেন? এর ইংরাজি অনুবাদের নাম কী?

জ) 'ডাকঘর' নাটকে বর্ণিত নদীটির নাম কী? সেই নদীতীরে কে থাকত?

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ৬ × ১ = ৬

ক) তোমার পাঠ্য কবিতা অবলম্বনে 'প্রান্তিক' কাব্যে যুদ্ধের যে পরিপ্রেক্ষিত বর্ণিত হয়েছে তা লেখো।

খ) "যে সাজে রচিয়াছিনু আপনার নাট্যপরিচয়।"- কবির এরূপ মন্তব্যের যথার্থ কারণ নির্দেশ করো।

গ) 'শেষের কবিতা' উপন্যাসে "অমিতের বিপরীত চরিত্র শোভনলাল" –মন্তব্যটি বিশ্লেষণ করো।

ঘ) ‘শেষের কবিতা’ উপন্যাসে লাবণ্য ও কেতকীর তুলনা রবীন্দ্রনাথ কিভাবে করেছেন?

ঙ) “অভীকের চেহারাটা আশ্চর্য রকমের বিলিতি ছাঁদের।” প্রসঙ্গ উল্লেখ করে তার চেহারার বিশেষত্ব বর্ণনা করো।

চ) ‘ল্যাবরেটরি’ গল্পের সোহিনী চরিত্রটি বিশ্লেষণ করো।

ছ) “আমি যদি কাঠবেড়ালি হতুম তবে বেশ হতো।” কথাটি যার সেই উদ্দিষ্ট চরিত্রটির বৈশিষ্ট্য তুলে ধরো।

জ) ‘ডাকঘর’ নাটকে অমল ও দইওয়ালার কথোপকথন দৃশ্যটি নিজের ভাষায় ফুটিয়ে তোলো।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১০ × ১ = ১০

ক) তোমার পঠিত ‘প্রান্তিক’ কাব্যগ্রন্থের কবিতা অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দাও।

খ) ‘প্রান্তিক’ কাব্যে তোমার পাঠ্য কবিতা অবলম্বনে কবির মৃত্যু উত্তীর্ণ জীবনবোধের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

গ) রবীন্দ্রনাথের ‘শেষের কবিতা’ উপন্যাসটিকে কাব্যোপন্যাস বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করো।

ঘ) ‘শেষের কবিতা’ উপন্যাসে প্রেম-মনস্তত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।

ঙ) ‘রবিবার’ গল্পটির নামকরণ তাৎপর্য বিশ্লেষণ করো।

চ) ‘শেষকথা’ গল্পটির পটভূমি বর্ণনার গুরুত্ব বিশ্লেষণ করো।

ছ) নাটকে সংলাপের গুরুত্ব কী? ‘ডাকঘর’ নাটকের সংলাপ বিশেষত্ব আলোচনা করো।

জ) রূপক ও সাংকেতিক নাটক হিসাবে ‘ডাকঘর’ নাটকটির সার্থকতা বিশ্লেষণ করো।

Activity ID: 1903005021

*BA-VI/BENGALI-AHBNG-603-DSE-*3 TH/*60116- (ADHUNIK KABITA)/20*

**BA 6th Semester Examination, 2020**

Subject: বাংলা

**Course Title: আধুনিক কবিতা**

**Course Code: AHBNG-*603-DSE*-3**

**Course ID: 60116**

সময়ঃ ১ ঘন্টা পূর্ণমানঃ ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ × ২ = ৪

ক) কবির চোখে 'মহুয়ার দেশ' কিসের প্রতীক?

খ) ''আমরা তো অল্পে খুশি'' – কার কোন কবিতার অংশ? 'আমরা' বলতে কাদের বোঝান হয়েছে?

গ) 'মিছিলের মুখ' কবিতায় কবি মিছিলে কী কী দেখেছিলেন?

ঘ) 'পদাতিক' কবি কাকে বলা হয়? এই কবির জন্ম ও মৃত্যু সাল লেখো।

ঙ) 'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতায় 'নির্বাসিত কেরানি'র কী কী কেড়ে নিতে পারবে না?

চ) "কেঁদেও পাবে না যাকে বর্ষার অজস্র জলধারে।" কোন কবিতার চরণ? কবি কে?

ছ) 'নুন' কবিতার মূল কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল লেখো?

জ) "আমি তখন নবম শ্রেণী/ আমি তখন শাড়ি।" – কোন কবিতার অংশ? মেয়েটির বয়স কত?

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ৬ × ১ = ৬

ক) 'মহুয়ার দেশ' কবিতায় কিভাবে স্বপ্ন ও বাস্তবতা মিলেমিশে আছে কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) "বণিক সভ্যতার শূন্য মরুভূমি।" –কবি সমর সেনের 'বণিক সভ্যতা'কে কেন শূন্য মরুভূমি মনে হয়েছে তা আলোচনা করো।

গ) "বাবরাশির মেয়ে সালেমন

খুঁজছে তার মাকে।" প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নিরূপণ করো।

ঘ) 'এক মাঘে শীত যায় না' কবিতার মূল বিষয়বস্তু সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

ঙ) তোমার পাঠ্য কবিতা অবলম্বনে অমিয় চক্রবর্তীর কবিতার বাস্তবতাবোধের পরিচয় দাও।

চ) অমিয় চক্রবর্তীর 'বৃষ্টি' কবিতা অবলম্বনে বৃষ্টি ঝরার বর্ণনা দাও।

ছ) "আমাদের শুকনো ভাতে লবণের ব্যবস্থা হোক।" –'শুকনো ভাতে লবণের ব্যবস্থা' বলতে কবি কী বুঝিয়েছেন তা 'নুন' কবিতা অবলম্বনে তুলে ধরো।

জ) "শতবর্ষ এগিয়ে আসে শতবর্ষ যায়

চাল তোলো গো মাসি পিসি লালগোলা বনগাঁয়।" – পঙক্তিগুলির তাৎপর্য ব্যাখ্যা করো।

**৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১০ × ১ = ১০

ক) আধুনিক কবি হিসাবে সমর সেনের কবিতার ভাববৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) নাগরিক কবি হিসাবে সমর সেনের কবি প্রতিভা পাঠ্য কবিতা অবলম্বনে লেখো।

গ) কবি সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় যে সাম্যবাদী চিন্তা-চেতনার পরিচয় পাও তা নিজের ভাষায় লেখো।

ঘ) সুভাষ মুখোপাধ্যায়ের 'মিছিলের মুখ' কবিতা অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দাও।

ঙ) অমিয় চক্রবর্তীকে অনেকে আধ্যাত্মিক কবি বলতে চান। এ সম্পর্কে তোমার মতামত দাও।

চ) অমিয় চক্রবর্তীর বিশ্বপরিক্রমী মন সর্বদা পড়েছিল বাঙালির চৈতন্যলোকে—'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতা অবলম্বনে তা দেখাও।

ছ) "প্রেমের আনন্দ থাকে শুধু স্বল্পক্ষণ

প্রেমের বেদনা থাকে সমস্ত জীবন।"—'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতা অবলম্বনে কবির প্রেমভাবনার পরিচয় দাও।

জ) আধুনিকোত্তর কবি হিসাবে জয় গোস্বামীর কবি-স্বভাবের বৈশিষ্ট্য পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।